

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবি ও মায়া ক্যাটারিং এর মধ্যে চুক্তি স্বাক্ষরিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষক-কর্মকর্তা লাউঞ্জ পরিচালনার জন্য মায়া ক্যাটারিং নোয়াখালীর সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। আজ বৃহস্পতিবার (০৮ মে ২০২৫) উপাচার্যের কার্যালয়ে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইলের উপস্থিতিতে নোবিপ্রবির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন রেজিস্ট্রার মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী। অন্যদিকে মায়া ক্যাটারিং এর পক্ষে স্বাক্ষর করেন প্রতিষ্ঠানটির স্বত্বাধিকারী হাসনাত সারওয়ার। প্রতিষ্ঠানটি আগামী দুই বছর লাউঞ্জ পরিচালনার দায়িত্ব পালন করবে। এ সময় অন্যান্যদের মাঝে নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফসহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও দপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪